



‘বিসিক উদ্যোক্তা মেলা-২০২৩’



অংশগ্রহণে আগ্রহী উদ্যোক্তাদের নিকট হতে আবেদনপত্র আহ্বান

দেশের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (সিএমএসএমই) উদ্যোক্তাদের পণ্য ক্রয়-বিক্রয় ও বাজারজাতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে ঢাকার মতিঝিলস্থ বিসিক ভবনে 'বিসিক উদ্যোক্তা মেলা-২০২৩' আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী সিএমএসএমই খাতের উদ্যোক্তাদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। মেলায় অংশগ্রহণের প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ:

মেলা নাম	: বিসিক উদ্যোক্তা মেলা-২০২৩
ভেন্যু	: বিসিক ভবন (নীচতলা), ১৩৭-১৩৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
সময়কাল	: ০১-০৫ অক্টোবর ২০২৩ (০৫ দিন), প্রতিদিন সকাল ০৯.০০ টা থেকে রাত ০৮.০০ টা পর্যন্ত
স্টল সংখ্যা	: ৫০ টি (আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে)
স্টল ফি	: ৩,৫০০ টাকা (বিসিক নিবন্ধিত)/ ৫,০০০ টাকা (বিসিক নিবন্ধনবিহীন) (ভ্যাট ও উৎসে করসহ)
ফি জমাদান	: ‘বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন’ বরাবর পে-অর্ডার
আবেদনের শেষ তারিখ	: ২৪ সেপ্টেম্বর ২০২৩; দুপুর ৩.০০ টা

আবেদন ফর্মের সাথে ছবি, এনআইডি, টিআইএন, ট্রেড-লাইসেন্স (প্রযোজ্য হলে), বিসিক নিবন্ধন (প্রযোজ্য হলে) ও পে-অর্ডার সংযুক্ত করতে হবে। বিস্তারিত তথ্য, আবেদনপত্র সংগ্রহ ও জমাদানের জন্য যোগাযোগ করুন: বিপণন বিভাগ, বিসিক ভবন (৭ম তলা), কক্ষ নং ৭০০২, মোবা: ০১৮২৫৩৩৮৬২০, ০১৭৪৯৩৮৪৪০৭, ০১৭১৭২৫০৮০৭

মোঃ আবদুল মতিন

পরিচালক (বিপণন, নকশা ও কারুশিল্প)

ফোন: ২২৩৩৮৩৭১৪

ইমেইল: dirmarketing@bscic.gov.bd

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক), মেয়র আনিসুল হক সড়ক, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

www.bscic.gov.bd